

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৭.২০.১১

তারিখ: ২৭ পৌষ ১৪২৭

১১ জানুয়ারি ২০২১

বিষয়: মাননীয় হাইকোর্ট ডিভিশনের রায়ের প্রেক্ষিতে বকেয়াসহ সমুদয় বেতন-ভাতাদি ছাড়করণ ও শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন আলমদস্তার আদর্শ উচ্চ বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক (বাংলা), ইনডেক্স নম্বর-১০৪৪১৯৩, গত পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচন-২০১৯-এ মাদারীপুর জেলার রাজৈর উপজেলা হতে মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচিত হয়ে ২৭.০৪.২০১৯খ্রি. তারিখ শপথ গ্রহণ করেন। উপজেলা পরিষদ থেকে সম্মানী গ্রহণ করেন। প্রতিষ্ঠান থেকে অদ্যবধি কোন বেতন-ভাতাদি গ্রহণ করেননি। শিক্ষা প্রতিষ্ঠান হতে বেতন-ভাতাদি বকেয়াসহ প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে ২২.০৭.২০২০খ্রি. তারিখে রিট পিটিশন দায়ের করেন (রিট পিটিশন নং-৪৬২০/২০২০খ্রি.)। মহামান্য আদালত মামলার রায়ে প্রতিষ্ঠানে যোগদানসহ বকেয়া বেতন-ভাতাদি প্রদানের জন্য আদেশ প্রদান করেন।

২। এমতাবস্থায়, আবেদনকারী আবেদন ও রীট মামলার রায়ের আলোকে সরকার পক্ষে আপীল করার সুযোগ আছে কিনা এবং সুযোগ না থাকলে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের প্রেক্ষিতে বকেয়াসহ সমুদয় বেতন-ভাতাদি ছাড়করণ ও শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান বিষয়ে আইন উপদেষ্টার আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

১১-১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪

ইমেইল:

salimsikder20@yahoo.com

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৭.২০.১১/১(৩)

তারিখ: ২৭ শেখ ২০২১  
১১ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১১-১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব